# Times Today BD

মো. নাঈম | দেশজুড়ে | 10 July, 2025

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশে দেশব্যাপী চলমান বৃক্ষরোপণ কর্মসূচির অংশ হিসেবে ঝালকাঠির রাজাপুর সরকারি কলেজ ছাত্রদলের উদ্যোগে কলেজ ক্যাম্পাসে বৃক্ষরোপণ এবং কেন্দ্রীয় ছাত্রদলের নির্দেশনায় এইচএসসি পরীক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ, খাবার স্যালাইন ও পানির বোতল বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার (১০ জুলাই) সকালে রাজাপুর সরকারি কলেজ প্রাঙ্গণে এই কর্মসূচি পালিত হয়।এসময় শিক্ষার্থীদের হাতে কলম, পেন্সিল, স্যালাইন ও পানির বোতল তুলে দেন ছাত্রদল নেতারা।কর্মসূচিতে উপস্থিত ছিলেন রাজাপুর উপজেলা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক মো. তরিকুল ইসলাম মুন, উপজেলা ছাত্রদলের সদস্য ফরহাদ রনি, রাজাপুর সরকারি কলেজ ছাত্রদলের সাবেক আহ্বায়ক শাহনেওয়াজ তুহিন, সাবেক সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আবু নাঈম, কলেজ ছাত্রদলের সভাপতি মো. শাহরিয়ার সিকদার, সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম রাকিব, যুগ্ম সাধারণ সম্পাদক আনন্দ, সাংগঠনিক সম্পাদক মুসা হাসান রাকিন, মো. আহাদ, তুষারসহ ছাত্রদলের নেতৃবৃন্দ।

এ সময় সংক্ষিপ্ত বক্তব্যে উপজেলা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক মো. তরিকুল ইসলাম মুন বলেন, “ছাত্রদল সবসময় শিক্ষার্থীবান্ধব রাজনীতি করে।পরীক্ষার এই সময়ে শিক্ষার্থীদের সামান্য সহযোগিতা তাদের মনোবলকে আরও দৃঢ় করবে।পাশাপাশি ছাত্রদলের প্রতিটি নেতা-কর্মীকে নির্দেশ দেওয়া হয়েছে অন্তত তিনটি করে গাছ লাগিয়ে প্রকৃতির ভারসাম্য রক্ষায় ভূমিকা রাখার জন্য।”

এসময় রাজাপুর সরকারি কলেজ ছাত্রদলের সাবেক আহ্বায়ক শাহনেওয়াজ তুহিন বলেন, “ছাত্রদল প্রতিষ্ঠালগ্ন থেকে ছাত্রসমাজের অধিকার ও কল্যাণে কাজ করছে।দেশের প্রতিটি সংকটে ছাত্রদল যেমন রাজপথে থাকে, তেমনি শিক্ষার্থীদের প্রয়োজনে তাদের পাশে দাঁড়ানোও আমাদের দায়িত্ব।”

কলেজ ছাত্রদলের বর্তমান সভাপতি মো. শাহরিয়ার সিকদার বলেন, “আমরা চাই প্রতিটি পরীক্ষার্থী মনোযোগ দিয়ে পড়াশোনা করুক।তাদের মনোবল বৃদ্ধির জন্য এই ক্ষুদ্র প্রয়াস।একইসাথে কলেজ ক্যাম্পাসে বৃক্ষরোপণ করে ছাত্রদল প্রমাণ করেছে, ছাত্রসমাজের কল্যাণের পাশাপাশি পরিবেশের প্রতিও আমরা দায়বদ্ধ।”

ছাত্রদল নেতারা আরও জানান, বিএনপি ও ছাত্রদল শুধু রাজনৈতিক দল নয়, এটি একটি পরিবার, যা শিক্ষার্থীদের শিক্ষা, নিরাপত্তা ও ভবিষ্যতের কথা চিন্তা করে সবসময় কাজ করে যাচ্ছে।

বৃক্ষরোপণ কর্মসূচি বিএনপি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 19:05

URL: https://timestodaybd.com/public/across-the-country/4538775807